# তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহের CSR কার্যক্রমের ষান্মাসিক প্রতিবেদন

(জানুয়ারি-জুন ২০২৪)




সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট


বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

## ১. নির্বাহী সার-সংক্ষেপঃ

জাতিসংঘ কর্তৃক ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (Sustainable Development Goals - SDGs) অর্জনের একটি অপরিহার্য উপাদান হলো কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (Corporate Social Responsibility - CSR)। CSR হল এক ধরনের ব্যবসায়িক শিষ্টাচার বা রীতি যা সমাজের প্রতি ব্যবসা প্রতিষ্ঠানের দায়িত্ব পালনকে ব্যবসার নিয়মের মধ্যে অন্তর্ভুক্ত করে। এটি এমন একটি অঙ্গীকার যেখানে ব্যবসা প্রতিষ্ঠান তার অংশীদারদের কাছে অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশগতভাবে দায়বদ্ধ থাকে। অর্থনৈতিক, সামাজিক এবং পরিবেশগত কর্মকান্ডের মাধ্যমে স্টেকহোল্ডারদের প্রত্যাশা পূরণে অবদান রাখে বিধায় CSR সারাবিশ্বে '*Triple Bottom Line Framework*' বা তিনস্তর ভিত্তিক কাঠামো হিসেবে খ্যাত। অন্যভাবে বলা যায়, তিনটি ধারণাকে প্রাধান্য দিয়ে CSR এর উৎপত্তিঃ মানুষ, পৃথিবী ও মুনাফা (People, Planet & Profit)।




ব্যবসা প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত কার্যক্রমের ফলে উদ্ভূত নানারকম পরিবেশগত বিরূপ প্রভাব দূরীকরণ এবং একইসাথে সমাজের বিভিন্ন শ্রেণির মধ্যে বিদ্যমান ক্ষোভ, অসমতা ও দারিদ্র্য বিমোচন CSR এর উদ্দেশ্য। কাজেই CSR এর মৌলিক দর্শন হচ্ছে দেশের হতদরিদ্র, সুবিধাবঞ্চিত ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীর শিক্ষা, স্বাস্থ্য, আয়-উৎসারী কর্মকান্ড, অবকাঠামো উন্নয়ন, দুর্যোগ ব্যবস্থাপনা এবং ক্রীড়া ও সংস্কৃতিমূলক কর্মকান্ডের উন্নয়নে অবদান রেখে সামাজিক দায়বদ্ধতা পূরণ করা। একটি সামাজিকভাবে দায়বদ্ধ প্রতিষ্ঠান শুধুমাত্র তার অংশীদারদের অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্যই কাজ করে না, সে তার কর্মচারী, সরবরাহকারী, বিক্রেতা, স্থানীয় জনগণ এবং সর্বোপরি দেশ ও জাতির টেকসই উন্নয়নেও কাজ করে।

বর্তমান বিশ্বে অধিকাংশ বড় ব্যবসা প্রতিষ্ঠানই CSR বা সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে সমাজের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডে অংশগ্রহণ করছে এবং তাদের শেয়ারহোল্ডাদের লভ্যাংশের কিছু অংশ এ খাতে বরাদ্দ/বিতরণ করছে। ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহের CSR কার্যক্রম বাংলাদেশ ব্যাংকের নিবিড় পরিবীক্ষণ ও তদারকির আওতায় রয়েছে। এক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত সুনির্দিষ্ট CSR নীতিমালা রয়েছে যার পরিপালন ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহের CAMELS rating ও Sustainability rating এ প্রভাব ফেলে। ব্যাংকিং পরিমন্ডলে CSR কার্যক্রমকে ত্বরান্বিত করার লক্ষ্যে অদ্যাবধি বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিভিন্ন সময়ে বিভিন্ন উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে যা নিম্নে তুলে ধরা হলো :

- বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১ জুন ২০০৮ তারিখে সর্বপ্রথম (DOS সার্কুলার নং-১: Mainstreaming CSR in Banks and Financial Institutions in Bangladesh) দেশে কার্যরত ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহে CSR মূলধারাকে অন্তর্ভুক্ত করে CSR কার্যক্রমে অর্থ ব্যয়ের দিক-নির্দেশনা দেয়া হয়।

- পরবর্তীতে ২২ ডিসেম্বর ২০১৪ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার নং-৭ (Indicative guidelines for CSR expenditure allocation and end use oversight) এর মাধ্যমে দেশের তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহকে CSR কার্যক্রমের আওতায় স্বেচ্ছামূলকভাবে বিভিন্ন খাতে CSR সংক্রান্ত ব্যয়ের বিষয়ে বিস্তারিত দিক-নির্দেশনা প্রদান করা হয়।

- ১০ জুন ২০১৫ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার লেটার নং-৬ (Reporting CSR activities) অনুযায়ী দেশে কার্যরত তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহকে CSR এর আওতায় গৃহীত/সম্পাদিত যাবতীয় কার্যক্রম ও ব্যয়কৃত অর্থের পরিমাণ সম্বলিত ষান্মাসিক বিবরণী দাখিলের নির্দেশনা দেয়া হয়।

- পরবর্তীতে দেশের পরিবেশগত, সামাজিক, ন্যায়সংগত এবং টেকসই উন্নয়নের জন্য CSR কার্যক্রমকে সময়োপযোগী, অধিকতর সহজ ও গুরুত্বপূর্ণ এবং সুসংগঠিত করার নিমিত্ত ৯ জানুয়ারি ২০২২ তারিখের SFD সার্কুলার নং-১ এর মাধ্যমে তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহের CSR সংক্রান্ত সর্বশেষ নীতিমালা জারি করা হয়েছে। আলোচ্য নীতিমালায় CSR-এর পরিধি, টেকসই CSR কার্যক্রম, CSR-এর আওতায় অর্থনৈতিক অন্তর্ভুক্তি ও সামাজিক দায়বদ্ধ অর্থায়ন (SRF) এবং নারীর ক্ষমতায়নের মত সময়োপযোগী বিষয়সমূহের উপর আলোকপাত করা হয়েছে।

- ২৩ মার্চ ২০২৩ তারিখের SFD সার্কুলার নং-১ এর মাধ্যমে ২০২৩ সালে 'ক্যাশলেস বাংলাদেশ ২০২৩-২৭' উদ্যোগের অংশ হিসেবে Bangla QR এর মাধ্যমে জনসাধারণকে ইলেকট্রনিক পরিশোধ সেবার আওতায় আনার লক্ষ্যে ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহের Merchant Discount Rate (MDR) ও Interbank Reimbursement Fee (IRF) সংক্রান্ত চার্জ, ক্যাশলেস বাংলাদেশ উদ্যোগের আওতায় ক্যাম্পেইন সংক্রান্ত যাবতীয় প্রচারণা, ইলেকট্রনিক পরিশোধ ব্যবস্থার মাধ্যমে পরিচালিত কুরবাণীর হাটের যাবতীয় পেমেন্ট ও অবকাঠামো সংশ্লিষ্ট ব্যয়সমূহ CSR খাতে প্রদর্শনের নির্দেশনা প্রদান করা হয়।

- ২৩ নভেম্বর ২০২৩ তারিখের SFD সার্কুলার নং-৫ এর মাধ্যমে পূর্ববর্তী Reporting Format সংশোধনপূর্বক তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহকে CSR কার্যক্রম সম্বলিত ষান্মাসিক বিবরণী দাখিল এবং CSR এর আওতায় জলবায়ু ঝুঁকি তহবিল (Climate Risk Fund) গঠন, এর ব্যবহার ও ব্যবস্থাপনা বিষয়ে নির্দেশনা জারি করা হয়।

- সর্বশেষ ৩০ মে ২০২৪ তারিখে SFD সার্কুলার নং-১ এর মাধ্যমে 'ক্যাশলেস বাংলাদেশ ২০২৩-২৭' উদ্যোগের অংশ হিসেবে জনসাধারণকে ইলেকট্রনিক পরিশোধ সেবার আওতায় আনার লক্ষ্যে ব্যাংকসমূহের মাধ্যমে পরিচালিত Bangla QR এর বিশেষ ক্যাম্পেইন চলাকালীন সময়ে PRA হিসাবধারী মাইক্রো-মার্চেন্টদের জন্য নির্ধারিত Merchant Discount Rate (MDR) ও Interbank Reimbursement Fee (IRF) সংক্রান্ত চার্জ, ক্যাশলেস বাংলাদেশ উদ্যোগের আওতায় ক্যাম্পেইন সংক্রান্ত যাবতীয় প্রচারণা, ইলেকট্রনিক পরিশোধ ব্যবস্থার মাধ্যমে পরিচালিত কুরবাণীর হাটের যাবতীয় পেমেন্ট ও অবকাঠামো সংশ্লিষ্ট ব্যয়সমূহ CSR খাতে প্রদর্শনের মেয়াদ আগামী ৩১ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত বর্ধিত করা হয়।

## ২. CSR এর খাতভিত্তিক বিভাজন ও ব্যয়ের হার

বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২২ ডিসেম্বর ২০১৪ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার নং-৭ (Indicative guidelines for CSR expenditure allocation and end use oversight) অনুযায়ী তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহ তাদের কর-পরবর্তী নিট মুনাফার অংশ হতে CSR ব্যয় করতে পারবে। এক্ষেত্রে CSR ব্যয়ের প্রায় ৩০% শিক্ষা খাতে এবং ২০% স্বাস্থ্য খাতে ব্যয় করতে হবে। এছাড়া ৯ জুলাই ২০১৫ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার নং-৪ এর মাধ্যমে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR ব্যয়ের ১০% জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যয়ের পরামর্শ প্রদান করা হয়। GBCSRD সার্কুলার লেটার নং-৬/২০১৫ এর মাধ্যমে Social Projects ও Community Investment এর আওতায় আলাদাভাবে শিক্ষা, স্বাস্থ্য, দুর্যোগ ব্যবস্থাপনা, পরিবেশ, সাংস্কৃতিক উন্নয়ন, প্রত্যন্ত অঞ্চলে অবকাঠামো উন্নয়ন, অধিকার বঞ্চিত জনগোষ্ঠীর জন্য আয়ের উৎস সৃষ্টিমূলক কার্যক্রম এবং অন্যান্যসহ মোট ৮টি খাতে CSR ব্যয় হিসেবে প্রদর্শন করার জন্য নির্দেশনা দেয়া হয়। পরবর্তীতে SFD সার্কুলার নং-১, তারিখ ৯ জানুয়ারি ২০২২ এর মাধ্যমে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে তাদের মোট CSR বাজেট হতে শিক্ষাখাতে ৩০%, স্বাস্থ্যখাতে ৩০%, পরিবেশ এবং জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন ও অভিযোজন খাতে ২০% এবং অন্যান্য খাতে (আয়-উৎসারী কার্যক্রম, দুর্যোগ ব্যবস্থাপনা, অবকাঠামো উন্নয়ন, ক্রীড়া ও সংস্কৃতি এবং অন্যান্য) ২০% ব্যয় করার নির্দেশনা প্রদান করা হয়েছে। তাছাড়া, SFD সার্কুলার নং-০৬, তারিখ: ২৯ নভেম্বর ২০২২ এর মাধ্যমে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট তহবিলের আকার বৃদ্ধির লক্ষ্যে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রতি বছর CSR খাতে বরাদ্দকৃত

অর্থের ৫% হারে বর্ণিত তহবিলে অনুদান প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। SFD সার্কুলার নং-৫; তারিখ: ২৩ নভেম্বর ২০২৩ এর মাধ্যমে তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহ তাদের বার্ষিক CSR বাজেটে পরিবেশ এবং জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন ও অভিযোজন খাতে বরাদ্দকৃত বিদ্যমান হার ২০% এর অর্ধেক (মোট বাজেটের ১০%) জলবায়ু ঝুঁকি তহবিলে সংরক্ষণপূর্বক ব্যয় নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়।

## ৩. তফসিলি ব্যাংকসমূহের জানুয়ারি-জুন ২০২৪ ষান্মাসিক ভিত্তিক CSR কার্যক্রম

বাংলাদেশে কার্যরত ৬১টি তফসিলি ব্যাংক কর্তৃক দাখিলকৃত জানুয়ারি-জুন ২০২৪ ভিত্তিক CSR বিবরণীসমূহ পর্যালোচনাপূর্বক সার্বিক অবস্থা ছক-৩.১ এবং লেখচিত্র-৩.১ এ তুলে ধরা হলো:


**ছক-৩.১: ব্যাংকসমূহের জানুয়ারি-জুন ২০২৪ ভিত্তিক CSR ব্যয়**

| ক্রম | ব্যাংকসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | পরিবেশ এবং জলবায়ু | আয় উৎসারী কার্যক্রম | দুর্যোগ ব্যবস্থাপনা | অব-কাঠামো উন্নয়ন | ক্রীড়া ও সংস্কৃতি | অন্যান্য | অন্যান্য (মোট) | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (কোটি টাকায়) | | | | | | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫.১ | ৫.২ | ৫.৩ | ৫.৪ | ৫.৫ | ৫ | ৬ |
| ১ | সোনালী ব্যাংক | ০.৬৯৬১ | ০.১০৫০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০১০০ | ০.০৮৪০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৯৪০ | ০.৮৯৫১ |
| ২ | জনতা ব্যাংক | ০.২৮২৫ | ০.০৬৫০ | ০.০০০০ | ০.০০০০ | ০.৯৯৯৩ | ০.০২১০ | ০.০০০০ | ০.০০০০ | ১.০২০৩ | ১.৩৬৭৮ |
| ৩ | অগ্রণী ব্যাংক | ০.০৫৮২ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.১৪৮০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৪২০ | ০.১৯০০ | ০.২৪৮২ |
| ৪ | রূপালী ব্যাংক | ০.৩৪৩০ | ০.০৯৯০ | ০.০০০০ | ০.০২৫০ | ০.০০০০ | ০.১৭০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.১৯৫০ | ০.৬৩৭০ |
| ৫ | বেসিক ব্যাংক | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ৬ | বাংলাদেশ কৃষি ব্যাংক | | | | | | | | | ০.০০০০ | ০.০০০০ |
| ৭ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ৮ | বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক | ০.০২০৫ | ০.০২৪৫ | ০.০০০০ | ০.০০১০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০৬৫ | ০.০০৭৫ | ০.০৫২৫ |
| ৯ | প্রবাসী কল্যাণ ব্যাংক | ০.০৮৫৫ | ০.০৮০০ | ০.০৩৫০ | ০.০১৭৪ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০১৭৪ | ০.২১৭৯ |
| ১০ | এবি ব্যাংক | ০.৪৬০০ | ০.০৩০০ | ০.০০০০ | ০.০০০০ | ১.৬০০০ | ০.০০০০ | ০.০৫০০ | ০.০০০০ | ১.৬৫০০ | ২.১৪০০ |
| ১১ | আল আরাফাহ ইসলামী ব্যাংক* | ৪.৪৪১৩ | ১৩.৮৮৩৯ | ০.৩২৬৭ | ০.০০০০ | ১.৯১০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ১.৯১০০ | ২০.৫৬১৯ |
| ১২ | ব্যাংক এশিয়া | ৩.২৪১০ | ৩.৪৫৩০ | ০.০০০০ | ০.০০০০ | ১.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০৫০ | ১.০০৫০ | ৭.৬৯৯০ |
| ১৩ | বাংলাদেশ কমার্স ব্যাংক | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ১৪ | বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.৩১২৫ | ০.৩১২৫ | ০.৩১২৫ |
| ১৫ | ব্র্যাক ব্যাংক | ০.৯১৭১ | ০.১৫০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.৯৯১৪ | ০.০০৫০ | ০.০২৯৫ | ১.০৩২৫ | ২.০৫৮৪ | ৩.১২৫৫ |
| ১৬ | সিটিজেন্স ব্যাংক | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.২৫০০ | ০.২৫০০ | ০.২৫০০ |
| ১৭ | কমিউনিটি ব্যাংক | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ১৮ | ঢাকা ব্যাংক | ১.৫৭৬৫ | ০.২১০০ | ০.০০৫০ | ০.০০০০ | ৪.৯২৩৫ | ০.০০০০ | ০.৪৫০০ | ০.০১০০ | ৫.৩৮৩৫ | ৭.১৭৫০ |
| ১৯ | ডাচ্-বাংলা ব্যাংক | ৪.৬৫০০ | ৩.৫৩০০ | ০.০০০০ | ০.০০০০ | ১.০৪২৫ | ০.০৪০০ | ০.০০০০ | ০.৪০৬০ | ১.৪৮৮৫ | ৯.৬৬৮৫ |
| ২০ | ইস্টার্ণ ব্যাংক | ০.৫৯৯০ | ০.০১০০ | ০.০৪২০ | ০.০০০০ | ০.২৭০০ | ০.০০০০ | ১.০১০০ | ০.০০০০ | ১.২৮০০ | ১.৯৩১০ |
| ২১ | এক্সিম ব্যাংক* | ৮.০৯০০ | ১২.৪১০০ | ০.০০২০ | ০.০০০০ | ৩.৭৭০০ | ০.০০০০ | ২.৯৫০০ | ০.৬৯০০ | ৭.৪১০০ | ২৭.৯১২০ |
| ২২ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক* | ০.২১০০ | ১০.১১০০ | ০.০০০০ | ০.০০০০ | ৬.৯৮০০ | ০.০০০০ | ০.০০০০ | ১.৭৭০০ | ৮.৭৫০০ | ১৯.০৭০০ |
| ২৩ | আইসিবি ইসলামিক ব্যাংক | ০.০০৬৩ | ০.০২১৫ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০৩ | ০.০০০৩ | ০.০২৮০ |
| ২৪ | আইএফআইসি ব্যাংক | ৩.৫৩০০ | ১.২৫০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.১৩০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.১৩০০ | ৪.৯১০০ |
| ২৫ | ইসলামী ব্যাংক বাংলাদেশ | ০.০০৫০ | ০.০০৮০ | ০.০০০০ | ০.০০০০ | ২৬.০৪৮০ | ০.০৪০০ | ০.০০৮০ | ০.০০৮০ | ২৬.১০৪০ | ২৬.১১৭০ |
| ২৬ | যমুনা ব্যাংক | ৭.৩৮৪০ | ৪.২০৬০ | ১.৫০৩০ | ০.০৩২০ | ১.৮০০০ | ০.০০০০ | ১.০৮০০ | ১.২৬৯০ | ৪.১৮১০ | ১৭.২৭৪০ |
| ২৭ | মেঘনা ব্যাংক | ০.৩৯৫০ | ০.১১০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.৩০০০ | ০.০০০০ | ০.০১০০ | ০.৯৪১০ | ১.২৫১০ | ১.৭৫৬০ |
| ২৮ | মার্কেন্টাইল ব্যাংক | ০.১৭০০ | ৩.৫০০০ | ০.০২০০ | ০.০০০০ | ৬.১৯০০ | ০.০০০০ | ০.০০৫০ | ১.০৩০০ | ৭.২২৫০ | ১০.৯১৫০ |
| ২৯ | মিডল্যান্ড ব্যাংক | ০.০২৫০ | ০.০১০০ | ০.০৫০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.৩০০০ | ০.৩০০০ | ০.৩৮৫০ |
| ৩০ | মধুমতি ব্যাংক | ০.৩৪০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.৮৩০০ | ০.০০০০ | ১.০০০০ | ০.১৫০০ | ১.৯৮০০ | ২.৩২০০ |
| ৩১ | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক | ০.৬৪০০ | ১.৩৮০০ | ০.৭২০০ | ০.০০০০ | ০.২৮০০ | ০.০০০০ | ০.৩২০০ | ০.০৭০০ | ০.৬৭০০ | ৩.৪১০০ |
| ৩২ | ন্যাশনাল ব্যাংক | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ৩৩ | এনসিসি ব্যাংক | ০.২৫৬০০ | ০.২৯৮০০ | ০ | ০ | ৫.৮৭৮৪৭১ | ০.০৪ | ০ | ০ | ৫.৯১৮৫ | ৬.৪৭২৫ |
| ৩৪ | এনআরবি ব্যাংক | ০.৪৫২০ | ০.০৮০৫ | ০.০৫০০ | ০.০০০০ | ৪.৯৯৮৫ | ০.০০০০ | ০.০০০০ | ০.৩০০০ | ৫.২৯৮৫ | ৫.৮৮১০ |
| ৩৫ | এনআরবি কমার্শিয়াল ব্যাংক | ১.৪৭ | ০.৯১ | ১.৪৩০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.২৮ | ০.২৮০০ | ৪.০৯০০ |
| ৩৬ | গ্লোবাল ইসলামী ব্যাংক | ০.০৬০০ | ০.০০৭০ | ১.০০০০ | ০.০০০০ | ০.৬৬৫৭ | ০.০৩৭৫ | ০.০১০০ | ০.৪৩৯৭ | ১.১৫২৯ | ২.২১৯৯ |
| ৩৭ | ওয়ান ব্যাংক | ০.৩৬৪৪ | ০.০১২০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০২৯১ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০২৯১ | ০.৪০৫৫ |
| ৩৮ | পদ্মা ব্যাংক | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ৩৯ | প্রাইম ব্যাংক | ২.৯৪০০ | ১.৮৭০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ৪.৮১০০ |

## ছক-৩.১: ব্যাংকসমূহের জানুয়ারি-জুন ২০২৪ ভিত্তিক CSR ব্যয়

| ক্রম | ব্যাংকসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | পরিবেশ এবং জলবায়ু | আয় উৎসারী কার্যক্রম | দুর্যোগ ব্যবস্থাপনা | অব-কাঠামো উন্নয়ন | ক্রীড়া ও সংস্কৃতি | অন্যান্য | অন্যান্য (মোট) | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (কোটি টাকায়) | | | | | | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫.১ | ৫.২ | ৫.৩ | ৫.৪ | ৫.৫ | ৫ | ৬ |
| ৪০ | পূবালী ব্যাংক | ১.৪০০০ | ২.১৫০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.৬২০০ | ০.০০০০ | ০.৫০০০ | ০.৫১০০ | ১.৬৩০০ | ৫.১৮০০ |
| ৪১ | সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক | ০.২৭০০ | ০.৩০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.২৫০০ | ০.০০০০ | ০.২৫০০ | ০.৮২০০ |
| ৪২ | শাহজালাল ইসলামী ব্যাংক | ৫.৮৫৩৩ | ১.৭৩৯২ | ০.৭৭৬৬ | ০.০০১০ | ৮.৪২২০ | ০.০১০০ | ১.২৫০০ | ০.০২০০ | ৯.৭০৩০ | ১৮.০৭২০ |
| ৪৩ | সীমান্ত ব্যাংক | ০.৩০৩৫ | ০.০৬০০ | ০.০০৩৮ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.২০০০ | ০.২০০০ | ০.৫৬৭৩ |
| ৪৪ | সোশ্যাল ইসলামী ব্যাংক | ১.৬৪৪৫ | ১.৩৭৮৫ | ০.০০০০ | ০.০০০০ | ৭.০৯৩৭ | ০.০০০০ | ০.০০০০ | ৩.৭৮৯৫ | ১০.৮৮৩২ | ১৩.৯০৬২ |
| ৪৫ | সাউথইস্ট ব্যাংক | ০.৩৪০০ | ০.৪১০০ | ০.০৩০০ | ০.০০০০ | ৬.০৭০০ | ০.০০০০ | ০.০৩৫০ | ১.১৯০০ | ৭.২৯৫০ | ৮.০৭৫০ |
| ৪৬ | স্ট্যান্ডার্ড ব্যাংক | ০.০৩০০ | ০.১৭০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০১০০ | ০.০৪০০ | ০.০১০০ | ১.০০০০ | ১.০৬০০ | ১.২৬০০ |
| ৪৭ | দি সিটি ব্যাংক | ১.০৮১৫ | ০.৯২৩৩ | ০.১০০০ | ০.০৫০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.১৯৫০ | ০.০৯১৪ | ০.৩৩৬৪ | ২.৪৪১২ |
| ৪৮ | দি প্রিমিয়ার ব্যাংক | ৩.০৩২০ | ০.০১০০ | ০.০০০০ | ০.০০০০ | ৪৩.৫৪৮৮ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ৪৩.৫৪৮৮ | ৪৬.৫৯০৮ |
| ৪৯ | ট্রাস্ট ব্যাংক | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ১.৩০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৫০০ | ১.৩৫০০ | ১.৩৫০০ |
| ৫০ | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক | ০.৭৪০০ | ১.৭২০০ | ০.৩৮০০ | ০.০০০০ | ০.০২০০ | ০.০০০০ | ০.৫০০০ | ১.০২০০ | ১.৫৪০০ | ৪.৩৮০০ |
| ৫১ | ইউনিয়ন ব্যাংক* | ১.০১৫০ | ৪.০৫৬৫ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৪৪৮ | ০.০০০০ | ০.০০০০ | ০.৩৪৮০ | ০.৩৯২৮ | ৫.৪৬৪৩ |
| ৫২ | উত্তরা ব্যাংক | ০.১৯৬৮ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০১৪৯ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০৪০ | ০.০১৮৯ | ০.২১৫৭ |
| ৫৩ | ব্যাংক আলফালাহ্ | ০.১৩০০ | ০.১৩০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.২৬০০ |
| ৫৪ | কমার্শিয়াল ব্যাংক অব সিলন | ০.০৫০০ | ০.১০০০ | ০.০৫০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.২০০০ |
| ৫৫ | সিটিব্যাংক এনএ | ০.০৮০০ | ০.০৭০০ | ০.০৫০০ | ০.০০০০ | ০.০৫০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৫০০ | ০.২৫০০ |
| ৫৬ | হাবিব ব্যাংক | ০.০১০০ | ০.০২০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০২১০ | ০.০২১০ | ০.০৫১০ |
| ৫৭ | এইচএসবিসি | ০.২৯০০ | ০.০০০০ | ০.০২০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.৩১০০ |
| ৫৮ | ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ৫৯ | স্টেট ব্যাংক অব ইন্ডিয়া | ০.০৩২০ | ০.০১৩০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৪৮০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৪৮০ | ০.০৯৩০ |
| ৬০ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক | ৩.৪২৫৫ | ০.৯০৭৭ | ০.৭৫২৬ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.৩৬০৫ | ০.৩৬০৫ | ৫.৪৪৬৩ |
| ৬১ | উরি ব্যাংক | ০.০০৫০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০৫০ |
| | সর্বমোট | ৬৩.৬৩৭৫ | ৭১.৯৮১৫ | ৭.৩৪৬৬ | ০.১২৬৪ | ১৩৮.০৩৬৭ | ০.৪৮৭৫ | ৯.৬৬২৫ | ১৭.৯১৬৮ | ১৬৬.২২৯৮ | ৩০৯.১৯৫৫ |
| | শতকরা হার (%) | ২০.৫৮% | ২৩.২৮% | ২.৩৮% | ০.০৪% | ৪৪.৬৪% | ০.১৬% | ৩.১৩% | ৫.৭৯% | ৫৩.৭৬% | ১০০.০০% |

* ব্যাংকার্স হাসপাতাল নির্মানার্থে প্রদর্শিত অর্থ প্রযোজ্য ক্ষেত্রে সমন্বয় করা হবে।




লেখচিত্র-৩.১: জানুয়ারি-জুন ২০২৪ ভিত্তিতে ব্যাংকসমূহের খাতওয়ারি CSR ব্যয়

## ৩.১ ছক-৩.১ ও লেখচিত্র-৩.১ এ প্রদর্শিত তথ্য এবং জানুয়ারি-জুন ২০২৪ ভিত্তিক CSR বিবরণী পর্যালোচনা

- জানুয়ারি-জুন ২০২৪ ষান্মাসিকে দেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহের মোট CSR ব্যয় প্রায় টাঃ৩০৯.২২ কোটি (তিনশত নয় কোটি বাইশ লক্ষ টাকা) মাত্র; তন্মধ্যে -
    - শিক্ষাখাতে ব্যয় টাঃ৬৩.৬৩ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ২০.৫৮%।
    - স্বাস্থ্যখাতে ব্যয় টাঃ৭১.৯৮ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ২৩.২৮%।
    - পরিবেশ ও জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন-অভিযোজন খাতে ব্যয় টাঃ৭.৩৫ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ২.৩৯%।
    - এবং অন্যান্য খাতসমূহে ব্যয় টাঃ১৬৬.২২ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ৫৩.৭৬%।
- তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক অন্যান্য খাতে সর্বোচ্চ এবং পরিবেশ ও জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন-অভিযোজন খাতে সর্বনিম্ন CSR ব্যয় করা হয়েছে।
- এ ষান্মাসিকে অন্যান্য খাতের আওতায় আয়-উৎসারী কার্যক্রম, দুর্যোগ ব্যবস্থাপনা, অবকাঠামো উন্নয়ন, ক্রীড়া ও সংস্কৃতি এবং অন্যান্য উপখাতে CSR ব্যয় নির্বাহ করা হয়েছে।
    - দুর্যোগ ব্যবস্থাপনা উপখাতে মোট টাঃ১৩৮.০৩ কোটি CSR ব্যয় করা হয়েছে; দেশের শীতপ্রধান অঞ্চলের শীতার্ত ও দরিদ্র মানুষের মাঝে কম্বল বিতরণ, বন্যা পরবর্তী দুর্গত পরিবারের মাঝে ত্রাণ ও খাদ্য সামগ্রী বিতরণসহ বিভিন্ন খাতে অনুদান প্রদান করা হয়েছে।
    - ক্রীড়া ও সংস্কৃতি উপখাতে মোট CSR ব্যয় করা হয়েছে টাঃ৯.৬৬ কোটি।
- তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক স্বাস্থ্যখাতে ২য় সর্বোচ্চ CSR ব্যয় করা হয়েছে। স্বাস্থ্যখাতে মূলত ব্যক্তি পর্যায়ে হতদরিদ্র/অসহায়/সুবিধাবঞ্চিত/প্রতিবন্ধী রোগীদের চিকিৎসা সহায়তা প্রদান, ক্লিনিক্যাল সেবা প্রদান, বিনামূল্যে চিকিৎসা ও স্বাস্থ্যসেবা সামগ্রী বিতরণ এবং বিভিন্ন দুরারোগ্য/জটিল ব্যাধিতে আক্রান্ত মানুষের চিকিৎসার্থে ব্যাংকসমূহ কর্তৃক CSR বাবদ সরাসরি অনুদান প্রদান করা হয়েছে। তাছাড়া, হাসপাতাল/ক্লিনিক নির্মাণ, হাসপাতাল/ ক্লিনিক/ডায়াগনস্টিক সেন্টারের পরিচালন ব্যয় নির্বাহ এবং চিকিৎসা সরঞ্জামাদি ক্রয় বাবদ অনুদান প্রদান করা হয়েছে।
- তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক শিক্ষা খাতে ৩য় সর্বোচ্চ CSR ব্যয় করা হয়েছে। শিক্ষাখাতের ব্যয় পর্যালোচনায় দেখা যায়, ব্যাংকসমূহ কর্তৃক বিভিন্ন পর্যায়ের শিক্ষার্থীদের বৃত্তি প্রদানকল্পে CSR ব্যয় করা হয়েছে। তাছাড়া, বিভিন্ন শিক্ষা উপকরণ প্রদান এবং শিক্ষাখাতের অবকাঠামো উন্নয়নেও CSR ব্যয় করা হয়েছে। তাছাড়া, বিভিন্ন ব্যাংক কর্তৃক প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট তহবিলেও অনুদান প্রদান করা হয়েছে।
- এ ষান্মাসিকে ব্যাংকসমূহের সর্বনিম্ন CSR ব্যয় করা হয়েছে পরিবেশ ও জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন-অভিযোজন খাতে। পরিবেশ ও জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন-অভিযোজন খাতের আওতায় বৃক্ষরোপণ পরিচালনাসহ জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন ও অজিযোজন সংক্রান্ত গবেষণা, প্রকল্প স্থাপনার্থেও অনুদান প্রদান করা হয়েছে।

## ৩.২ ব্যাংকের ধরণ অনুযায়ী CSR ব্যয়

জানুয়ারি-জুন ২০২৪ ষান্মাসিকে ব্যাংক এর ধরণ অনুযায়ী CSR ব্যয়ের পরিমাণ এবং মোট ব্যয়ের শতকরা হার ছক-২ এ উল্লেখ করা হলো:

| ছক-৩.২: ব্যাংকের ধরণ অনুযায়ী CSR ব্যয় (কোটি টাকায়) | | |
|---|---|---|
| ব্যাংকের ধরণ | মোট ব্যয় | শতকরা হার (%) |
| রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক (৬টি) | ৩.২০০৬ | ১.০৪ |
| বিশেষায়িত বাণিজ্যিক ব্যাংক (৩টি) | ০.২৫২৯ | ০.০৮ |
| বেসরকারি বাণিজ্যিক ব্যাংক (৪৩টি) | ২৯৯.১৬ | ৯৬.৭৫ |
| বিদেশি বাণিজ্যিক ব্যাংক (৯টি) | ৬.৬১ | ২.১৪ |
| সর্বমোট (৬১টি) | ৩০৯.২২ | ১০০.০০ |

ছক-৩.২ পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে,

- আলোচ্য ষান্মাসিকে দেশের ৬টি রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকের মধ্যে ৫টি ব্যাংক টাঃ৩.২০ কোটি (তিন কোটি বিশ লক্ষ) মাত্র CSR খাতে ব্যয় করেছে, যা ব্যাংকিং খাতে মোট CSR ব্যয়ের ১.০৪% ।
- বিশেষায়িত ব্যাংকসমূহের CSR ব্যয় নগণ্য।
- ৪৩টি বেসরকারি বাণিজ্যিক ব্যাংকের মধ্যে ৪০টি ব্যাংক এ ষান্মাসিকে টাঃ২৯৯.১৬ কোটি (দুইশত নিরানব্বই কোটি ষোল লক্ষ) মাত্র CSR খাতে ব্যয় করেছে, যা ব্যাংকিং খাতে মোট CSR ব্যয়ের ৯৬.৭৫% ।
- ৯টি বিদেশি বাণিজ্যিক ব্যাংকের মধ্যে ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান ব্যতীত অন্য ৮টি ব্যাংক টাঃ৬.৬২ কোটি (ছয় কোটি বাষট্টি লক্ষ) মাত্র CSR খাতে ব্যয় করেছে, যা ব্যাংকিং খাতে মোট CSR ব্যয়ের ২.১৪% ।

## ৩.৩ ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ব্যাংকসমূহের CSR ব্যয় পর্যালোচনা

জানুয়ারি-জুন ২০২৪ ষান্মাসিকে ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ১০টি ব্যাংকের CSR কার্যক্রম ছক-৩.৩ এ তুলে ধরা হলো:

**ছক-৩.৩: ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ব্যাংকসমূহের CSR ব্যয়**

| ক্রম | ইসলামী ব্যাংকসমূহের নাম | জানুয়ারি-জুন ২০২৪ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকায়) | ২০২৩ সালে অর্জিত কর পরবর্তী নিট মুনাফা হতে জানুয়ারি-জুন ২০২৪ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকায়) | নিট মুনাফা ব্যতীত অন্যান্য উৎস হতে জানুয়ারি-জুন ২০২৪ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকায়) |
|---|---|---|---|---|
| ১ | ইসলামী ব্যাংক বাংলাদেশ | ২৬.১১৭০ | ০.০০ | ২৬.১১৭০ |
| ২ | আইসিবি ইসলামিক ব্যাংক | ০.০২৮০ | ০.০০ | ০.০২৮০ |
| ৩ | আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক | ২০.৫৬২০ | ০.০৩৯৬ | ২০.৫২২৪ |
| ৪ | সোশ্যাল ইসলামী ব্যাংক | ১৩.৯০৬২ | ০ | ১৩.৯০৬২ |
| ৫ | স্ট্যান্ডার্ড ব্যাংক | ১.২৬০০ | ১.০৭০০ | ০.১৯০০ |
| ৬ | এক্সিম ব্যাংক | ২৭.৯১০০ | ২৬.১৭০০ | ১.৭৪০০ |
| ৭ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক | ১৯.০৭০০ | ০.০০ | ১৯.০৭০০ |
| ৮ | শাহ্জালাল ইসলামী ব্যাংক | ১৮.০৭৩০ | ০.০২০৯ | ১৮.০৫২০ |
| ৯ | ইউনিয়ন ব্যাংক | ৫.৪৬৪৩ | ৫.৪৬৪৩ | ০.০০ |
| ১০ | গ্লোবাল ইসলামী ব্যাংক | ১৭.৮৮৯৯ | ২.২১৯৯ | ১৫.৬৭* |
| | সর্বমোট | ১৫০.২৮ | ৩৪.৯৮ | ১১৫.৩০ |
| | শতকরা হার (%) | ১০০.০০% | ২৩.২৮% | ৭৬.৭২% |

** দাখিলকৃত প্রতিবেদনের CSR Expenditure (অনুচ্ছেদ-E) অংশে প্রদর্শিত হয়নি।*

ছক-৩.৩ পর্যলোচনান্তে দেখা যায় যে,

- আলোচ্য ষান্মাসিকে ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ১০টি ব্যাংক কর্তৃক পূর্ববর্তী বছরের কর পরবর্তী নিট মুনাফাসহ অন্যান্য উৎস থেকে (Compensation Realized A/C, doubtful income, যাকাত ফান্ড, অন্যান্য ইত্যাদি) CSR ব্যয় নির্বাহ করা হয়েছে।
- এক্ষেত্রে বর্ণিত ব্যাংকসমূহের মোট CSR ব্যয় টাঃ১৫০.২৮ কোটি (সকল তফসিলি ব্যাংকের মোট CSR ব্যয়ের প্রায় ৪৮.৫৯%)।
- ২০২৩ সালে অর্জিত কর পরবর্তী নিট মুনাফা হতে বর্ণিত ব্যাংকসমূহের ব্যয়ের পরিমাণ টাঃ৩৪.৯৮ কোটি (ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের ২৩.২৮%)।
- নিট মুনাফা ব্যতীত অন্যান্য উৎস হতে ব্যয়ের পরিমাণ টাঃ১১৫.৩০ কোটি (ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের ৭৬.৭২%)।

## ৩.৪ বিদেশি ব্যাংকসমূহের CSR ব্যয় পর্যালোচনা

জানুয়ারি-জুন ২০২৪ ষান্মাসিকে বাংলাদেশে কার্যরত ৯টি বিদেশি ব্যাংক CSR কার্যক্রম ছক-৪ এ তুলে ধরা হলো:

**ছক-৩.৪: বিদেশি ব্যাংকসমূহের CSR ব্যয়**

| ক্রম | বিদেশি ব্যাংকসমূহের নাম | জানুয়ারি-জুন ২০২৪ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকায়) | ২০২৩ সালে অর্জিত কর পরবর্তী নিট মুনাফা হতে জানুয়ারি-জুন ২০২৪ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকায়) | নিট মুনাফা ব্যতীত অন্যান্য উৎস হতে জানুয়ারি-জুন ২০২৪ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকায়) |
|---|---|---|---|---|
| ১ | ব্যাংক আলফালাহ্ | ০.২৬ | ০.০০ | ০.২৬ |
| ২ | কমার্শিয়াল ব্যাংক অব সিলন | ০.২০ | ০.২০ | ০.০০ |
| ৩ | সিটিব্যাংক এন.এ | ০.২৫ | ০.২৫ | ০.০০ |
| ৪ | হাবিব ব্যাংক | ০.০৫ | ০.০৫ | ০.০০ |
| ৫ | এইচএসবিসি | ০.৩১ | ০.৩১ | ০.০০ |
| ৬ | ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭ | স্টেট ব্যাংক অব ইন্ডিয়া | ০.০৯ | ০.০৯ | ০.০০ |
| ৮ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক | ৫.৪৫ | ৫.৪৫ | ০.০০ |
| ৯ | উরি ব্যাংক | ০.০০৫ | ০.০০৫ | ০.০০ |
| | **সর্বমোট** | **৬.৬২** | **৬.৩৬** | **০.২৬** |
| | **শতকরা হার (%)** | **১০০.০০%** | **৯৬.০৭%** | **৩.৯৩%** |

ছক-৩.৪ পর্যালোচনান্তে দেখা যায় যে,

- আলোচ্য ষান্মাসিকে ৯টি বিদেশি ব্যাংকের মোট CSR ব্যয় টাঃ৬.৬২ কোটি (সকল তফসিলি ব্যাংকের মোট CSR ব্যয়ের প্রায় ২.১৪%)।
- ২০২৩ সালে অর্জিত কর পরবর্তী নিট মুনাফা হতে বর্ণিত ব্যাংকসমূহের ব্যয়ের পরিমাণ টাঃ৬.৩৬ কোটি (বিদেশি ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের ৯৬.০৭%), এবং
- নিট মুনাফা ব্যতীত বিভিন্ন উৎস হতে ব্যয়ের পরিমাণ টাঃ০.২৬ কোটি (বিদেশি ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের ৩.৯৩%)।

## ৩.৫ ষান্মাসিক ভিত্তিক ব্যাংকসমূহের CRF ব্যয়ের তথ্য

| ক্রম | ব্যাংকসমূহের নাম | পরিবেশ এবং জলবায়ু খাতে বাজেট | পরিবেশ এবং জলবায়ু খাতে ব্যয় (CRF সহ) | CRF বাজেট ২০২৪ | মোট CRF ব্যয় (জানুয়ারি-জুন ২০২৪ ষান্মাসিকে) | CRF ব্যয় (২০২৪ সালের বাজেট হতে) | CRF ব্যয় পূর্ববর্তী বছর/বছরসমূহের Residue হতে | CRF Outstanding পূর্ববর্তী বছর/বছরসমূহের Residue(৩১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (কোটি টাকায়) | | | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | সোনালী ব্যাংক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২ | জনতা ব্যাংক | ১.১৩ | ০.০০ | ০.৫৬ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩ | অগ্রণী ব্যাংক | ০.৬৯ | ০.০০ | ০.৩৫ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.৭৩ |
| ৪ | রূপালী ব্যাংক | ০.৪০ | ০.০০ | ০.২০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫ | বেসিক ব্যাংক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৬ | বাংলাদেশ কৃষি ব্যাংক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | |
| ৭ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৮ | বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক | ০.০৬ | ০.০০ | ০.০৩ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৯ | প্রবাসী কল্যাণ ব্যাংক | ০.০৮ | ০.০৪ | ০.০৪ | ০.০৪ | ০.০৪ | ০.০০ | ০.০০ |
| ১০ | এবি ব্যাংক | ১.২২ | ০.০০ | ০.৬১ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১ | আল আরাফাহ ইসলামী ব্যাংক | ৬.০০ | ০.৩৩ | ৩.০০ | ০.০৮ | ০.০০ | ০.০৮ | ০.৮২ |
| ১২ | ব্যাংক এশিয়া | ৪.৬০ | ০.০০ | ২.৩০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩ | বাংলাদেশ কমার্স ব্যাংক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৪ | বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক | ০.২২ | ০.০০ | ০.১১ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫ | ব্র্যাক ব্যাংক | ৩.৬০ | ০.০০ | ১.৮০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ১.৫৮ |
| ১৬ | সিটিজেন্স ব্যাংক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৭ | কমিউনিটি ব্যাংক | ১.৬০ | ০.০০ | ০.৮০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৮ | ঢাকা ব্যাংক | ৩.৭৫ | ০.০০৫ | ১.৮৭ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৯ | ডাচ্-বাংলা ব্যাংক | ৭.৮৮ | ০.০০ | ৩.৯৪ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২০ | ইস্টার্ণ ব্যাংক | ০.৯৪ | ০.০৪ | ০.৪৭ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.৪০ |
| ২১ | এক্সিম ব্যাংক | ৬.০০ | ০.০০২ | ৩.০০ | ০.০০ | ০.০০ | ০.০০২ | ০.৭৩ |
| ২২ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক | ৫.০০ | ০.০০ | ২.৫০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৩ | আইসিবি ইসলামিক ব্যাংক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৪ | আইএফআইসি ব্যাংক | ৪.০০ | ০.০০ | ২.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৫ | ইসলামী ব্যাংক বাংলাদেশ | ২০.০০ | ০.০০ | ১০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৬ | যমুনা ব্যাংক | ৪.৫৩ | ১.৫০ | ২.২৭ | ১.৫০ | ১.৫০ | ০.০০ | ০.০০ |
| ২৭ | মেঘনা ব্যাংক | ১.৫৬ | ০.০০ | ০.৭৭ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৮ | মার্কেন্টাইল ব্যাংক | ১৬.০০ | ০.০২ | ৮.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৯ | মিডল্যান্ড ব্যাংক | ০.১০ | ০.০৫ | ০.০৫ | ০.০৫ | ০.০৫ | ০.০০ | ০.০০ |
| ৩০ | মধুমতি ব্যাংক | ১.৯৮ | ০.০০ | ০.৯৯ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩১ | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক | ১.৭০ | ০.৭২ | ০.৮৫ | ০.৮৫ | ০.৬৯ | ০.১৬ | ০.০০ |
| ৩২ | ন্যাশনাল ব্যাংক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩৩ | এনসিসি ব্যাংক | ০.৬০ | ০.০০ | ০.৩০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.৩০ |
| ৩৪ | এনআরবি ব্যাংক | ১.৫৮ | ০.০৫ | ০.৭৯ | ০.০৫ | ০.০৫ | ০.০০ | ০.০০ |
| ৩৫ | এনআরবি কমার্শিয়াল ব্যাংক** | ২.৬৮ | ১.৪২ | ১.৩৪ | ০.০১৩ | ০.০১৩ | ০.০০ | ০.০০ |
| ৩৬ | গ্লোবাল ইসলামী ব্যাংক | ২.৫৬ | ১.০০ | ১.২৮ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩৭ | ওয়ান ব্যাংক | ১.৪০ | ০.০০ | ০.৭০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩৮ | পদ্মা ব্যাংক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩৯ | প্রাইম ব্যাংক | ০.৯৬ | ০.০০ | ০.৪৮ | ০.০০ | ০.০০ | ০.০০ | ৩.২৫ |
| ৪০ | পূবালী ব্যাংক | ৪.০০ | ০.০০ | ২.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪১ | এসবিএসি ব্যাংক | ১.০৭ | ০.০০ | ০.৫৪ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.৫৬ |
| ৪২ | শাহজালাল ইসলামী ব্যাংক | * | ০.৭৮ | ৪.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪৩ | সীমান্ত ব্যাংক | ০.৪৯ | ০.০০৩৮ | ০.২৫ | ০.০০ | ০.০০৩৪ | ০.০০ | ০.২১ |
| ৪৪ | সোশ্যাল ইসলামী ব্যাংক | ৫.০০ | ০.০০ | ২.৫০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ৪.৫০ |
| ৪৫ | সাউথইস্ট ব্যাংক | ২.০০ | ০.০৩ | ১.০০ | ০.০৩ | ০.০৩ | ০.০০ | ০.০০ |
| ৪৬ | স্ট্যান্ডার্ড ব্যাংক | ২.০০ | ০.০০ | ১.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ৩.০৫ |
| ৪৭ | দি সিটি ব্যাংক | ২.০৫ | ০.১০ | ১.০৩ | ০.১০ | ০.১০ | ০.০০ | ০.০০ |
| ৪৮ | দি প্রিমিয়ার ব্যাংক | ৬.০০ | ০.০০ | ৩.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |

| ক্রম | ব্যাংকসমূহের নাম | পরিবেশ এবং জলবায়ু খাতে বাজেট | পরিবেশ এবং জলবায়ু খাতে ব্যয় (CRF সহ) | CRF বাজেট ২০২৪ | মোট CRF ব্যয় (জানুয়ারি-জুন ২০২৪ ষান্মাসিকে) | CRF ব্যয় (২০২৪ সালের বাজেট হতে) | CRF ব্যয় পূর্ববর্তী বছর/বছরসমূহের Residue হতে | CRF Outstanding পূর্ববর্তী বছর/বছরসমূহের Residue(৩১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (কোটি টাকায়) | | | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৪৯ | ট্রাস্ট ব্যাংক | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫০ | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক | ২.০০ | ০.৩৮ | ১.০০ | ০.৩৮ | ০.৩৮ | ০.০০ | ০.৬১ |
| ৫১ | ইউনিয়ন ব্যাংক | ৪.০০ | ০.০০ | ২.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫২ | উত্তরা ব্যাংক | ০.৬০ | ০.০০ | ০.৩০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫৩ | ব্যাংক আলফালাহ্ | ০.০৯ | ০.০০ | ০.০৪ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫৪ | কমার্শিয়াল ব্যাংক অব সিলন | ০.১৪ | ০.০৫ | ০.০৭ | ০.০৫ | ০.০৫ | ০.০০ | ০.০০ |
| ৫৫ | সিটিব্যাংক এনএ | ০.১০ | ০.০৫ | ০.০৫ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫৬ | হাবিব ব্যাংক | ০.০২ | ০.০০ | ০.০১ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫৭ | এইচএসবিসি | ০.৩২ | ০.০২ | ০.১৬ | ০.০২ | ০.০২ | ০.০০ | ০.০০ |
| ৫৮ | ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫৯ | স্টেট ব্যাংক অব ইন্ডিয়া | ০.১০ | ০.০০ | ০.০৫ | ০.০০ | ০.০০ | ০.০০ | |
| ৬০ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক | ৪.৬৭ | ০.৭৫ | ২.৩৪ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.৪১ |
| ৬১ | উরি ব্যাংক | ০.২৮ | ০.০০ | ০.০১ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | সর্বমোট | | ৭.৩৪ | ৭২.৭৪ | ৩.১৬ | ২.৯২ | ০.২৪ | ১৭.১৪ |

*বাজেটে তথ্য প্রদান করা হয়নি

**বাজেট CRF ব্যয় পরবর্তীতে সংশোধন/সমন্বয় করা হবে

ছক-৩.৫ পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে,


- আলোচ্য ষান্মাসিকে পরিবেশ ও জলবায়ু খাতে মোট CSR ব্যয় টাঃ৭.৩৪ কোটি (সকল তফসিলি ব্যাংকের মোট CSR ব্যয়ের প্রায় ২.৩৯%)।
- ২০২৪ সালে মোট CRF বাজেট টাঃ ৭২.৭৪ কোটি মাত্র। ২০২৪ সালে মোট CRF ব্যয় টাঃ ৩.১৬ কোটি মাত্র। যার মধ্যে বর্তমান CRF বাজেট হতে ব্যয় টাঃ২.৯২ কোটি এবং পূর্ববর্তী বছর/বছর সমূহের outstanding হতে ব্যয় টাঃ০.২৪ কোটি মাত্র।

## ৩.৬ ষান্মাসিক ভিত্তিক ব্যাংকসমূহের খাতওয়ারি CSR ব্যয়ের তুলনামূলক বিশ্লেষণ

জানুয়ারি-জুন ২০২৪ ষান্মাসিকে ব্যাংকসমূহের CSR ব্যয় প্রায় টাঃ৩০৯.২২ কোটি (তিনশত নয় কোটি বাইশ লক্ষ টাকা) মাত্র। অন্যদিকে, জুলাই-ডিসেম্বর ২০২৩ ষান্মাসিকে ব্যাংকসমূহের CSR ব্যয় ছিল টাঃ৩৫৩.০৭ কোটি (তিনশত তেপ্পান্ন কোটি সাত লক্ষ টাকা) মাত্র।

জানুয়ারি-জুন ২০২৪ ষান্মাসিকে ব্যাংকসমূহের CSR ব্যয় জুলাই-ডিসেম্বর ২০২৩ ষান্মাসিকের তুলনায় টাঃ৪৩.৮৬ কোটি (তেতাল্লিশ কোটি ছিয়াশি লক্ষ টাকা মাত্র) বা ১২.৪২% কম।

ব্যাংকসমূহের জুলাই-ডিসেম্বর ২০২৩ এবং জানুয়ারি-জুন ২০২৪ ষান্মাসিক ভিত্তিক খাতওয়ারি CSR ব্যয়ের তুলনামূলক চিত্র লেখচিত্র-২ এর মাধ্যমে উপস্থাপন করা হলোঃ




**লেখচিত্র-৩.৬ঃ জানুয়ারি-জুন ২০২৪ এবং জুলাই-ডিসেম্বর ২০২৩ ষান্মাসিক ভিত্তিতে ব্যাংকসমূহের খাতওয়ারি ব্যয়ের তুলনা**

লেখচিত্র-৩.৬ এ প্রদর্শিত তথ্য পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে,

- জানুয়ারি-জুন ২০২৪ ষান্মাসিক-এ জুলাই-ডিসেম্বর ২০২৩ ষান্মাসিক-এর তুলনায় শিক্ষা, স্বাস্থ্য, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন জনিত প্রশমন-অভিযোজন এবং অন্যান্য খাতে CSR ব্যয় হ্রাস পেয়েছে।
- পরিবেশ ও জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন-অভিযোজন খাতে CSR ব্যয় পূর্ববর্তী ষান্মাসিকের তুলনায় প্রায় ৫০% হ্রাস পেয়েছে।


## ৪. ফাইন্যান্স কোম্পানিসমূহের জানুয়ারি-জুন ২০২৪ ষান্মাসিক ভিত্তিক CSR কার্যক্রম

বাংলাদেশে কার্যরত ৩৫টি ফাইন্যান্স কোম্পানি কর্তৃক দাখিলকৃত জানুয়ারি-জুন ২০২৪ ভিত্তিক CSR বিবরণীসমূহ পর্যালোচনাপূর্বক সার্বিক অবস্থা ছক-৪.১ এবং লেখচিত্র-৪.১ এ তুলে ধরা হলো :

**ছক-৪.১: ফাইন্যান্স কোম্পানিসমূহের জানুয়ারি-জুন ২০২৪ ভিত্তিক CSR ব্যয়**

| ক্রম | ফাইন্যান্স কোম্পানিসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | পরিবেশ এবং জলবায়ু | আয় উৎসারী কার্যক্রম | দুর্যোগ ব্যবস্থাপনা | অব-কাঠামো উন্নয়ন | ক্রীড়া ও সংস্কৃতি | অন্যান্য | অন্যান্য (মোট) | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (কোটি টাকায়) | | | | | | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫.১ | ৫.২ | ৫.৩ | ৫.৪ | ৫.৫ | ৫ | ৬ |
| ১ | অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী | ০.০১৫০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০১৫০ |
| ২ | আভিভা ফাইন্যান্স | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ৩ | বাংলাদেশ ফাইন্যান্স | ০.০১০০ | ০.০১৮৭ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০২৮৭ |
| ৪ | বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ৫ | বাংলাদেশ ইনফ্রাস্ট্রাক্চার ফাইন্যান্স ফান্ড | ০.০৩০০ | ০.০১০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৪০০ |
| ৬ | বে লিজিং এন্ড ইনভেস্টমেন্ট | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ৭ | সিভিসি ফাইন্যান্স | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ৮ | ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন | ০.০৮৭২ | ০.০৩৫০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০১৮২ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০১৮২ | ০.১৪০৪ |
| ৯ | ফারইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ১০ | এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ১১ | ফার্স্ট ফাইন্যান্স | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ১২ | জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ১৩ | হজ্ব ফাইন্যান্স কোম্পানী | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ১৪ | আইডিএলসি ফাইন্যান্স | ০.৫১২২ | ০.০৬৯৯ | ০.০০০০ | ০.০০০০ | ০.১৫১২ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০৬১ | ০.১৫৭৩ | ০.৭৩৯৪ |
| ১৫ | ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানী | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ১৬ | ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট কোম্পানী | ০.০৭৬০ | ০.০৩০০ | ০.০৬৪০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০২৩০ | ০.০৫০০ | ০.০৭৩০ | ০.২৪৩০ |
| ১৭ | ইন্টারন্যাশনাল লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ১৮ | আইপিডিসি ফাইন্যান্স | ০.১১৯৬ | ০.১৩৫৩ | ০.০৮৫০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০৬৪০ | ০.০৬৪০ | ০.৪০৩৮ |
| ১৯ | ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ২০ | লংকাবাংলা ফাইন্যান্স | ০.১৩৬৬ | ০.০২০০ | ০.০২৮০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.১৮৪৫ |
| ২১ | এ্যালায়েন্স ফাইন্যান্স | ০.০০১৫ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০১৫ |
| ২২ | মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ২৩ | মাইডাস ফাইন্যান্সিং | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ২৪ | ন্যাশনাল ফাইন্যান্স | ০.০০০০ | ০.০০২৫ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০২৫ |
| ২৫ | ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ২৬ | পিপলস্ লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ২৭ | ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ২৮ | প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ২৯ | প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ |
| ৩০ | সউদি বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল | ০.০০৭৫ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০৭৫ |

| ছক-৪.১: ফাইন্যান্স কোম্পানিসমূহের জানুয়ারি-জুন ২০২৪ ভিত্তিক CSR ব্যয় | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রম | ফাইন্যান্স কোম্পানিসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | পরিবেশ এবং জলবায়ু | আয় উৎসারী কার্যক্রম | দুর্যোগ ব্যবস্থাপনা | অব-কাঠামো উন্নয়ন | ক্রীড়া ও সংস্কৃতি | অন্যান্য | অন্যান্য (মোট) | সর্বমোট |
| | | পরিমাণ (কোটি টাকায়) | | | | | | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫.১ | ৫.২ | ৫.৩ | ৫.৪ | ৫.৫ | ৫ | ৬ |
| | এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী | | | | | | | | | | |
| ৩১ | স্ট্র্যাটেজিক ফাইন্যান্স | ০.০০২৩ | ০.০০৫০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০১৫ | ০.০০০০ | **০.০০১৫** | **০.০০৮৮** |
| ৩২ | দি ইউএই বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানী | ০.০৬৭৫ | ০.০২৯০ | ০.০৪৪০ | ০.০০৫০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | **০.০০৫০** | **০.১৪৫৫** |
| ৩৩ | ইউনিয়ন ক্যাপিটাল | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | **০.০০০০** | **০.০০০০** |
| ৩৪ | ইউনাইটেড ফাইন্যান্স | ০.০২৩৮ | ০.০৪৩০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০২৭১ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | **০.০২৭১** | **০.০৯৩৯** |
| ৩৫ | উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | ০.০০০০ | **০.০০০০** | **০.০০০০** |
| | **সর্বমোট** | **১.০৮৯১** | **০.৩৯৮৪** | **০.২২১০** | **০.০০৫০** | **০.১৯৬৫** | **০.০০০০** | **০.০২৪৫** | **০.১২০১** | **০.৩৪৬১** | **২.০৫৪৫** |
| | **শতকরা হার (%)** | ৫৩.০১% | ১৯.৩৯% | ১০.৭৬% | ০.২৪% | ৯.৫৬% | ০.০০% | ১.১৯% | ৫.৮৫% | ১৬.৮৪% | ১০০.০০% |




**লেখচিত্র-৪.১: জানুয়ারি-জুন ২০২৪ ভিত্তিতে ফাইন্যান্স কোম্পানিসমূহের খাতওয়ারি CSR ব্যয়**

## ৪.১ ছক-৪.১ ও লেখচিত্র-৪.১ এ প্রদর্শিত তথ্য ও ফাইন্যান্স কোম্পানিসমূহের জানুয়ারি-জুন ২০২৪ ভিত্তিক CSR বিবরণী পর্যালোচনা


- ফাইন্যান্স কোম্পানিসমূহ জানুয়ারি-জুন ২০২৪ ষান্মাসিকে CSR খাতে টাঃ২.০৫ কোটি (দুই কোটি পাঁচ লক্ষ) মাত্র ব্যয় করেছে; তন্মধ্যে -
    - শিক্ষাখাতে ব্যয় টাঃ১.০৮ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ৫৩.০১%।
    - স্বাস্থ্যখাতে ব্যয় টাঃ০.৩৯ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ১৯.৩৯%।
    - পরিবেশ ও জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন-অভিযোজন খাতে ব্যয় টাঃ০.২২ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ১০.৭৬%।
    - এবং অন্যান্য খাতসমূহে ব্যয় টাঃ০.৩৫ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ১৬.৮৪%।

- ফাইন্যান্স কোম্পানিসমূহ কর্তৃক সর্বোচ্চ CSR ব্যয় করা হয়েছে শিক্ষাখাতে এবং সর্বনিম্ন ব্যয় করা হয়েছে পরিবেশ ও জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন-অভিযোজন খাতে।
- এ ষান্মাসিকে অন্যান্য খাতের আওতায় মূলত দুর্যোগ ব্যবস্থাপনা, আয়-উৎসারী কার্যক্রম, অবকাঠামো উন্নয়ন ও অন্যান্য উপখাতে CSR ব্যয় করা হয়েছে।

## ৪.২ ষান্মাসিক ভিত্তিতে ফাইন্যান্স কোম্পানিসমূহের খাতওয়ারি CSR ব্যয়ের তুলনামূলক চিত্র

জানুয়ারি-জুন ২০২৪ ষান্মাসিক-এ ফাইন্যান্স কোম্পানিসমূহের CSR ব্যয় টাঃ২.০৫ কোটি (দুই কোটি পাঁচ লক্ষ টাকা) মাত্র। অন্যদিকে, পূর্ববর্তী ষান্মাসিকে (জুলাই-ডিসেম্বর ২০২৩) ষান্মাসিকে ফাইন্যান্স কোম্পানিসমূহের CSR ব্যয় ছিল টাঃ৫.৩৬ কোটি (পাঁচ কোটি ছত্রিশ লক্ষ টাকা) মাত্র। পর্যালোচনান্তে দেখা যায়, চলতি ষান্মাসিকে ফাইন্যান্স কোম্পানিসমূহের CSR ব্যয় পূর্ববর্তী ষান্মাসিকের তুলনায় টাঃ৩.৩১ কোটি (তিন কোটি একত্রিশ লক্ষ টাকা) মাত্র বা ৬১.৭৫% কম।

ফাইন্যান্স কোম্পানিসমূহের জানুয়ারি-জুন ২০২৪ এবং জুলাই-ডিসেম্বর ২০২৩ ষান্মাসিক ভিত্তিক CSR এর খাতওয়ারি এবং মোট তুলনামূলক ব্যয় লেখচিত্র-৪.২ এ উপস্থাপন করা হল:




**লেখচিত্র-৪.২: জানুয়ারি-জুন ২০২৪ এবং জুলাই-ডিসেম্বর ২০২৩ ষান্মাসিক ভিত্তিতে ফাইন্যান্স কোম্পানিসমূহের খাতওয়ারি ব্যয়ের তুলনা**

লেখচিত্র-৪.২ এ প্রদর্শিত তথ্য পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে,

জানুয়ারি-জুন ২০২৪ ষান্মাসিকে ফাইন্যান্স কোম্পানিসমূহের মোট CSR ব্যয় জুলাই-ডিসেম্বর ২০২৩ ষান্মাসিকের তুলনায় শিক্ষা, স্বাস্থ্য, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন জনিত প্রশমন-অভিযোজন উল্লেখ্যযোগ্য হারে হ্রাস পেয়েছে। এছাড়া, অন্যান্য খাতেও পূর্ববর্তী ষান্মাসিকের তুলনায় CSR ব্যয় কিছুটা হ্রাস পেয়েছে। এ ষান্মাসিকে পরিবেশ ও জলবায়ু পরিবর্তন জনিত প্রশমন-অভিযোজন এবং স্বাস্থ্যখাতে খাতে CSR ব্যয় পূর্ববর্তী ষান্মাসিকের তুলনায় প্রায় এক পঞ্চমাংশে হ্রাস পেয়েছে।

## ৪.৩ ষান্মাসিক ভিত্তিক ফাইন্যান্স কোম্পানিসমূহের CRF ব্যয়ের তথ্য

| ক্রম | ফাইন্যান্স কোম্পানি সমূহের নাম | পরিবেশ এবং জলবায়ু খাতে বাজেট | পরিবেশ এবং জলবায়ু খাতে ব্যয় (CRF সহ) | CRF বাজেট ২০২৪ | মোট CRF ব্যয় (জানুয়ারি-জুন ২০২৪ ষান্মাসিকে) | CRF ব্যয় (২০২৪ সালের বাজেট হতে) | CRF ব্যয় পূর্ববর্তী বছর/বছরসমূহের Residue হতে | CRF Outstanding পূর্ববর্তী বছর/বছরসমূহের Residue(৩১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (কোটি টাকায়) | | | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী | ০.০২ | ০.০০০০ | ০.০১ | ০ | ০ | ০ | ০ |
| ২ | আভিভা ফাইন্যান্স | ০ | ০.০০০০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৩ | বাংলাদেশ ফাইন্যান্স | ০.০৪ | ০.০০০০ | ০.০২ | ০ | ০ | ০ | ০ |
| ৪ | বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী | ০ | ০.০০০০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৫ | বাংলাদেশ ইনফ্রাস্ট্রাকচার ফাইন্যান্স ফান্ড | ০.১৫ | ০.০০০০ | ০.০৭৫ | ০ | ০ | ০ | ০ |
| ৬ | বে লিজিং এন্ড ইনভেস্টমেন্ট | ০ | ০.০০০০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৭ | সিভিসি ফাইন্যান্স | ০ | ০.০০০০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৮ | ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন | ০.১ | ০.০০০০ | ০.০৫ | ০ | ০ | ০ | ০ |
| ৯ | ফারইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট | ০ | ০.০০০০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ১০ | এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট | ০ | ০.০০০০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ১১ | ফার্স্ট ফাইন্যান্স | ০ | ০.০০০০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ১২ | জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) | ০ | ০.০০০০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ১৩ | হজ্ব ফাইন্যান্স কোম্পানী | ০ | ০.০০০০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ১৪ | আইডিএলসি ফাইন্যান্স | ০.৬৭৫ | ০.০০০০ | ০.৩৩৭ | ০ | ০ | ০ | ০ |
| ১৫ | ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানী | ০ | ০.০০০০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ১৬ | ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট কোম্পানী | ০.২ | ০.০৬৪২ | ০.১ | ০.০৬৪ | ০.০৬৪ | ০ | ০ |
| ১৭ | ইন্টারন্যাশনাল লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস | ০ | ০.০০০০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ১৮ | আইপিডিসি ফাইন্যান্স | ০.১৫৮৫ | ০.০৮৫০ | ০.০৭৯ | ০.০৭৯ | ০.০৭৯ | ০ | ০ |
| ১৯ | ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট | ০ | ০.০০০০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ২০ | লংকাবাংলা ফাইন্যান্স | ০.২ | ০.০২৮০ | ০.১ | ০ | ০ | ০ | ০.০৭২ |
| ২১ | এ্যালায়েন্স ফাইন্যান্স | ০.০০৬ | ০.০০০০ | ০.০০৩ | ০ | ০ | ০ | ০ |
| ২২ | মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট | ০ | ০.০০০০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ২৩ | মাইডাস ফাইন্যান্সিং | ০ | ০.০০০০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ২৪ | ন্যাশনাল ফাইন্যান্স | ০ | ০.০০০০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ২৫ | ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্ | ০.০১ | ০.০০০০ | ০.০০৫ | ০ | ০ | ০ | ০ |
| ২৬ | পিপলস্ লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস | ০ | ০.০০০০ | ০ | ০ | ০.০০০০ | ০ | ০ |
| ২৭ | ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট | ০ | ০.০০০০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ২৮ | প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স | ০ | ০.০০০০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ২৯ | প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট | ০ | ০.০০০০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৩০ | সউদি বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল | ০.০৩ | ০.০০০০ | ০.০১৫ | ০ | | | ০ |

| ক্রম | ফাইন্যান্স কোম্পানি সমূহের নাম | পরিবেশ এবং জলবায়ু খাতে বাজেট | পরিবেশ এবং জলবায়ু খাতে ব্যয় (CRF সহ) | CRF বাজেট ২০২৪ | মোট CRF ব্যয় (জানুয়ারি-জুন ২০২৪ ষান্মাসিকে) | CRF ব্যয় (২০২৪ সালের বাজেট হতে) | CRF ব্যয় পূর্ববর্তী বছর/বছরসমূহের Residue হতে | CRF Outstanding পূর্ববর্তী বছর/বছরসমূহের Residue(৩১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (কোটি টাকায়) | | | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী | | | | | | | |
| ৩১ | স্ট্র্যাটেজিক ফাইন্যান্স | ০.০০৩ | ০.০০০০ | ০.০০১৫ | ০ | ০ | ০ | ০.০০১৯ |
| ৩২ | দি ইউএই বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানী | ০.০৪৮ | ০.০৪৪০ | ০.০২৪ | ০.০২২ | ০.০২২ | ০ | ০ |
| ৩৩ | ইউনিয়ন ক্যাপিটাল | ০ | ০.০০০০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৩৪ | ইউনাইটেড ফাইন্যান্স | ০.০৬ | ০.০০০০ | ০.০৬ | ০ | ০.০০০০ | ০ | ০ |
| ৩৫ | উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট | ০ | ০.০০০০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | **সর্বমোট** | **১.৭০০৫** | **০.২২১২** | **০.৮৭৯৫** | **০.১৬৫** | **০.১৬৫** | **০** | **০.০৭৩৯** |

ছক-৪.৩ পর্যালোচনান্তে দেখা যায় যে,

- আলোচ্য ষান্মাসিকে পরিবেশ ও জলবায়ু খাতে মোট CSR ব্যয় টাঃ০.২২ কোটি (সকল ফাইন্যান্স কোম্পানিসমূহের মোট CSR ব্যয়ের প্রায় ১০.৭৬%)।
- ২০২৪ সালে মোট CRF বাজেট ০.৮৭ কোটি। ২০২৪ সালে মোট CRF ব্যয় ০.১৬ কোটি, যা বর্তমান CRF বাজেট হতে নির্বাহ করা হয়েছে।

## ৫. উপসংহার

কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (CSR) সারাবিশ্বে '*Triple Bottom Line Framework*' বা তিনস্তর ভিত্তিক কাঠামো হিসেবে খ্যাত, যা অর্থনৈতিক, সামাজিক এবং পরিবেশগত কর্মকান্ডের মাধ্যমে স্টেকহোল্ডারদের প্রত্যাশা পূরণে অবদান রাখে। CSR কেবল জনহিতৈষী কর্মকান্ডে সীমাবদ্ধ নয়; এর পরিধি টেকসই উন্নয়নমূলক কর্মকান্ডেও বিস্তৃত। কাজেই, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানমূহ দেশের দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নের পাশাপাশি জাতীয় অর্থনৈতিক অন্তর্ভুক্তি কৌশল (NFIS) এবং জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) সহ বিভিন্ন সরকারি ও আন্তর্জাতিক পরিকল্পনা বাস্তবায়নে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

----- ০ -----